# 39864 - যে ব্যক্তি রোযার কাযা পালনের দিন রোযা ভেঙ্গে ফেলেছে সে কি তিনদিন রোযা রাখবে?!!

## প্রশ্ন

আমি রোযার কাযা পালনের দিন কোন ওজর ছাড়া রোযাটি ভেঙ্গে ফেলেছি। এমতাবস্থায় আমার উপর কী ওয়াজিব? কেউ কেউ বলছেন: আমাকে পরবর্তীতে তিনদিন রোযা রাখতে হবে।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

রমযানের রোযা কাযা পালন করা ওয়াজিব রোযার অন্তর্ভুক্ত। কোন ব্যক্তির জন্য শরয়ি ওজর ছাড়া এই রোযাকে নষ্ট করা জায়েয নয়। তাই কেউ যদি এই রোযা শুরু করে তাহলে এটি পূর্ণ করা তার উপর আবশ্যকীয়।

দেখুন: 39752 নং প্রশ্নোত্তর।

যদি কেউ রমযানের রোযার কাযা পালনের দিন রোযাটি ভেঙ্গে ফেলে তাহলে সেই দিনের রোযার কাযা পালন করা তার উপর আবশ্যক। যদি কোন ওজর ছাড়া রোযাটি ভেঙ্গে ফেলে তাহলে কাযা পালনের সাথে এই গুনাহ থেকে আল্লাহ্‌র কাছে তওবা করা তার উপর আবশ্যক।

আর আপনি এই রোযাটি ভাঙ্গার বদলে তিনদিন রোযা রাখার যে বিষয়টি উল্লেখ করেছেন সেটার কোন ভিত্তি নেই।

তবে কোন আলেম এই কথা বলেছেন যে, তাকে দুইদিন রোযা রাখতে হবে: রমযানের রোযার একদিন ও কাযা রোযার একদিন।

সঠিক মতানুযায়ী তাকে শুধু একদিনের রোযা পালন করতে হবে।

ইবনে হাযম ‘আল-মুহাল্লা’ নামক গ্রন্থে (৬/২৭১) বলেন:

“যে ব্যক্তি রমযানের কাযা রোযা ইচ্ছাকৃতভাবে ভেঙ্গে ফেলে তার উপর শুধু একদিনের রোযা কাযা পালন ছাড়া অন্য কিছু আবশ্যক নয়। কেননা কাযা (প্রতিপূরণ) কর্তৃক (প্রতিপূরণকে) আবশ্যক করা মানে এমন এক বিধানকে আবশ্যক করা আল্লাহ্‌ যার অনুমতি দেননি। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি রমযানের সেই দিনটির কাযা (প্রতিপূরণ) করেছেন। অতএব, কোন দ্ব্যর্থহীন টেক্সট বা ইজমা ছাড়া এর উপরে বাড়ানো জায়েয নয়।”[সমাপ্ত]